চুয়াডাঙ্গায় জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল

সার্বজনীন পেনশন ব্যবস্থা বিল- ২০২৩ জাতীয় সংসদে পাশ হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে আনন্দ মিছিল করেছে চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবকলীগ।

আজ মঙ্গলবার বিকেল ৫টায় চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমী চত্বর থেকে আনন্দ মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষণ শেষে বড় বাজার শহীদ হাসান চত্বরে এসে শেষ হয়। পরে শহীদ হাসান চত্বরে এক সংক্ষিপ্ত আলোচনা সভা করে সংগঠনটি।

কর্মসূচীতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি সৈয়দ ফরিদ আহম্মেদ।

চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হাফিজের পরিচালনায় বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক ও পৌর কাউন্সিলর মাফিজুর রহমান মাফি।

কর্মসূচীতে আরও বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য আব্দুর রাজ্জাক, আবু তাহের, আতিউর রহমান বিপ্লব, মামুনুল হাসান, আব্দুস সামাদ, আসাদুজ্জামান সবুজ, আব্দুল আলিম, জাতীয় শ্রমিক লীগ চুয়াডাঙ্গা জেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক মুক্তার হোসেন মিলন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জুয়েল রানা, চুয়াডাঙ্গা পৌর কৃষকলীগের আহ্বায়ক রাকিবুর রহমান রাকু, পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আব্দুল হালিম ভুলন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহ্বায়ক ইমরান আহম্মেদ, সাবেক সদস্য আল ইমরান বিপ্লব, কুতুবপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আক্তার হোসেন, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রানা, চুয়াডাঙ্গা পৌরসভার ১ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ওয়াসিম আলী, সাধারণ সম্পাদক মামুন, ২নং ওয়ার্ডের সভাপতি ফারুক, ৩নং ওয়ার্ডের সভাপতি নাজমুল, সাধারণ সম্পাদক টোকন, যুগ্ম সাধারণ সম্পাদক দিসান, ৪নং ওয়ার্ডের সভাপতি পিন্টু, সাধারণ সম্পাদক রবিন, ৫নং ওয়ার্ডের সভাপতি উজ্জল, ৭ নং ওয়ার্ডের সভাপতি সজিব, সাধারণ সম্পাদক কাশেম, ৮নং ওয়ার্ডের

সভাপতি ইমদাদ, সাধারণ সম্পাদক আলমগীর, ৯নং ওয়ার্ডের সভাপতি খান ফয়সালসহ চুয়াডাঙ্গার প্রতিটা ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা।

আনন্দ মিছিল শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তারা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে উন্নত দেশ গঠনে কাজ করে যাচ্ছেন। তিনি দেশের জনগণের কথা চিন্তা করেন। আজকে দেশের জনগণও উন্নত জীবনযাপনের স্বপ্ন দেখেন।আমরা প্রধানমন্ত্রীর এই যুগান্তকারী সিদ্ধান্তের জন্য অভিনন্দন জানাই।

বক্তারা আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের গরিব-দুঃখী সর্বসাধারণের কথা চিন্তা করে এমন একটি যুগান্তকারী পদক্ষেপ নিয়েছেন। এর মাধ্যমে বাংলাদেশের ধনী গরিবের যে বৈষম্য রয়েছে সেটা দূর হবে। মানুষ যাতে ভালো থাকে সেজন্য এই সর্বজনীন পেনশন ব্যবস্থা নেওয়া হয়েছে।

কোটচাঁদপুরে ২১ আগস্ট গ্রেনেড হামলা উপলক্ষে দোয়া ও আলোচনা সভা

২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনায় কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করেছেন। গতকাল সোমবার সন্ধ্যায় স্থানীয় দলীয় কার্যালয়ে এ সভা করেন।

উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি নুরুল ইসলাম খান বাবলু এ সভায় সভাপতিত্ব করেন। সভা সঞ্চলনা করেন,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন,ঝিনাইদহ জেলা আঃলীগের সহ সভাপতি ও ঝিনাইদহ -৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

এছাড়া বক্তব্য রাখেন,উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি লুৎফর রহমান, সহ সভাপতি ফারজেল হোসেন মন্ডল, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর,উপজেলা যুবলীগ নেতা মঈনুদ্দিন শেখ হেকিম,উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক জাকির হোসেন লিমন

ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান, কুশনা ইউনিয়ন আঃলীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি আলামিন,সাবেক সাধারণ সম্পাদক প্রদিপ কুমার হালদার।

বক্তারা বলেন,ওই ঘটনাপ্রবাহের কালো থাবা বাংলাদেশের রাজনীতিকে আরেকবার বিভক্ত করেছেন।
বঙ্গবন্ধু কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আইনের শাসনের যে নজির স্থাপন করেছেন। বাংলাদেশের মানুষ তা যুগে যুগে স্মরণ করবে।

২১ আগস্টে বর্বর গ্রেনেড হামলা ও হত্যাকাণ্ডের পর্দার আড়ালের কুশীলবদের মুখোশ উন্মোচনের জন্য আন্তর্জাতিক ভাবে তদন্ত কমিটি গঠনেরও দাবি জানান নেতারা।

আলোচনা শেষে ২০০৪ সালের ২১ আগস্ট নারকীয় হত্যাকাণ্ডে নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আইভি রহমানসহ ২৪ জন নেতাকর্মীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় ২১ আগস্টের গ্রেনেড হামলার প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

২১আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা হাশেম রেজা।

এ উপলক্ষে আজ সোমবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে দৈউলী মোড় পর্যন্ত বিশাল এক বিক্ষোভ মিছিল শেষে বাসস্ট্যান্ড চত্বরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য ও দৈনিক আমার সংবাদ, ডেইলী পোস্টের সম্পাদক হাশেম রেজা। এসময় তিনি বলেন, শোকের মাসে শক্তি সঞ্চয় করে আবারও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে। ১৯৭৫, ২০০৪সালের মতো আবারও গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে জামাত-বিএনপি। তাদের এই ষড়যন্ত্র কে প্রতিহত করতে হবে। সকল ভেদাভেদ ভুলে সকলকে এককাতারে এসে আবারও প্রমাণ করতে হবে আওয়ামীলীগ সরকার জণগণের সরকার।

এসময় আরও বক্তব্য রাখেন কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি হারুনুর রশিদ মোল্লা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি রেজাউল করিম, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি ইন্নাল শেখ, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোহাম্মদ আলী, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আইনুদ্দীন মেম্বার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা হাবিবুর রহমান হাবীব, আরিফুল ইসলাম, রাজু, দেলোয়ার হোসেন, পিন্টু, রকি, ইউসুফ, শেখ সাইদুর, জীবননগর উপজেলা যুবলীগ নেতা শাহাবুদ্দিন, শাকিল, তারিখ, জাহিদুল, সবুজ, জেবা প্রমুখ।

মেহেরপুরে জেলা মহিলা আওয়ামী লীগের আলোচনা সভা ও দোয়া মাহফিল

শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে ২১ আগষ্ট বিএনপি-জামায়াতের বর্বরোচিত গ্রেনেড হামলায় নিহত শহীদের স্মরণে মেহেরপুরে জেলা মহিলা আওয়ামী লীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

সোমবার ২১ আগষ্ট বিকালে মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের উদ্যোগে জেলা মহিলা আওয়ামী লীগের সভানেত্রী লাভলী ইয়াসমিনের বাসভবনের এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাভলী ইয়াসমিনের সভাপতিত্বে ও এড. আব্দুল্লাহ আল মামুন রাসেলের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এড. মিয়াজান আলী, বিশেষ অতিথি হিসেবে ড. গাজী রহমান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আনিসুর রহমান প্রমূখ উপস্থিত ছিলেন।

পরে সেখানে গ্রেনেড হামলায় নিহত সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি বলেন, ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের ‘সন্ত্রাস, জঙ্গিবাদ ও দুর্নীতিবিরোধী’ সমাবেশে গ্রেনেড হামলায় দলটির তৎকালীন মহিলা বিষয়ক সম্পাদক ও প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিণী আইভি রহমানসহ ২৪ জন নেতাকর্মী নিহত হন। আহত হন পাঁচ শতাধিক। আহতদের অনেকে এখনও শরীরে গ্রেনেডের স্প্লিন্টার নিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

দামুড়হুদায় বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী ও তৎকালীন বিরোধী দলের নেতা শেখ হাসিনাকে পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে, ২১শে আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা ১১ টার দিকে দামুড়হুদায় প্রতিবাদ সমাবেশটি দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃত্বে অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত

ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবুর সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম,জুড়ানপুর ইউনিয়ন চেয়ারম্যান সোহরাব হোসেন,সদর ইউনিয়ন চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছী ইউনিয়ন চেয়ারম্যান কামাল উদ্দীন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)নিজাম উদ্দিনসহ এসময় উপজেলা আ,লীগ যুবলীগ,,কৃষক লীগ, ছাত্রলীগসহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এসময় উপজেলা আওয়ামী লীগের সকল পর্যায়ের নেতৃবৃন্দ বিক্ষোভ সমাবেশে অংশ নেন এবং বক্তব্য রাখেন।

২১ আগস্ট উপলক্ষে দামুড়হুদায় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

২১আগস্ট গেনেড হামলায় নিহত সকল শহীদদের স্মরণে যথাযোগ্য মর্যাদায় স্মরণ সভা ও কর্মসূচি বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের আয়োজনে এই প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্বরে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু। দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলামের সণ্চালনায় এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক চেয়ারম্যান সোহরাব হোসেন, এসএএম জাকারিয়া আলম, আজিজুল হক আজিজ,

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র সহসভাপতি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মোমিন, নাটুদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম, হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, আওয়ামীলীগনেতা হাজী আমজাদ হোসেন, নুর আলম লাবলু, আবুল হাশেম, সিরাজুল ইসলাম, জোনাব আলী, শমশের আলী, ইমতিয়াজ হোসেন, ইউসুফ আলী ইছা, মোজাফফর হোসেন, কলম উদ্দীন, ইউপি সদস্য হাসান আলী, সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা নিশান তরফদার, জামিরুল ইসলাম, রকিবুল হাসান, হেকমত আলী, শেখ হাফিজুর, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, কলেজ ছাত্রলীগের আহ্বায়ক শাহীন মোল্লা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ প্রমুখ।

আলমডাঙ্গা বাড়াদি ইউনিয়নে সামসুল আবেদিন খোকনের গণসংযোগ ও পথসভা

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি শেখ সামসুল আবেদীন খোকন মোটরসাইকেল শো-ডাউনের মাধ্যমে গণসংযোগ ও পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের বাড়াদি, এনায়েতপুর, পোলতাডাঙ্গা, আঠারোখাদা ও নতিডাঙ্গায় এ গণসংযোগ ও পথ সভা করেন। এসময় তিনি প্রতিটি বাজারে উপস্থিত সাধারণ মানুষের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নৌকায় ভোট দিয়ে দেশকে এগিয়ে নেবার জন্য ভোট চান।

পোলতাডাঙ্গা বাজারে তিনি এক পথ সভায় বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ বছরে দেশের প্রতিটি গ্রাম-গঞ্জের রাস্তাঘাটের ব্যাপক উন্নতি করেছে। স্কুল কলেজের ভবন নির্মাণ করেছে। কৃষি খাতে ভর্তূকির মাধ্যমে কৃষকের সার বীজের ব্যবস্থা করেছে। পদ্মা সেতু, মেট্রো রেলসহ স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নয়ন করেছে। এসব দেখে বিএনপি-জামায়াত দেশে নানা চক্রান্ত ও ষড়যন্ত্র শুরু করেছে। এসব ষড়যন্ত্র ও চক্রান্ত দাঁত ভাঙা জবাব নিতে এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নৌকায় ভোট দিয়ে আবারো ক্ষমতায় আনতে হবে।

গণসংযোগ ও পথসভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের নির্বাহি সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দীপক, সাবেক ছাত্রনেতা ও পৌর কাউন্সিলর আশরাফুল হক, আওয়ামীলীগ নেতা খাইরুল হোসেন, যুবলীগ নেতা স্বপন, মাসুম বিল্লাহ, উপজেলা যুবলীগ নেতা রুবেল হোসেন, এসএম বাসার রিভেন, যুবলীগ নেতা শিপন বিশ্বাস, রনি, রিফাত, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ইমতিয়াজ নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগ নেতা শাহরিয়ার তপু, শেখ শাকিল, তামিম, মিয়াদ, পৌর ছাত্রলীগ নেতা সাব্বিরুজ্জামান সাব্বির, তারেক, কলেজ ছাত্রলীগ নেতা আশিক, মাহিন, ইমন, টগর, বান্না, নাইম, হারদী ইউনিয়ন ছাত্রলীগ নেতারানা, নাফিজ, জনি, হাবিল, তানজিম, লিমন, অনিক, দিলদিল প্রমুখ।

গাংনীর চার বারের সাবেক ইউপি সদস্য আমানুল্লাহ মারা গেছেন

গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডে চারবারের নির্বাচিত সাবেক ইউপি সদস্য ও গ্রাম আওয়ামীলীগের সাবেক সভাপতি মো: আমানুল্লাহ (৫০) হৃদরোগে ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছেন । (ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।

গতকাল শুক্রবার দিবাগত (১৮ আগস্ট) রাত ৯ টার দিকে নিজ বাড়িতে

হৃদরোগে ক্রিয়া বন্ধ হয়ে মারা যান আওয়ামীলীগের এই নেতা। মো: আমানুল্লাহ তেঁতুলবাড়িয়া গ্রামের মৃত রুহুল আমীন বিশ্বাসের ছেলে।

জানা গেছে,আমানুল্লাহ শুক্রবার রাতে বুকে ব্যথা অনুভব করলে পরিবারের লোকজন তাকে হাসপাতালে নেয়ার সময় মারা যান তিনি।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল ১০ টার সময় তেঁতুলবাড়িয়া কেন্দ্রীয় কবরস্থানে জানাযা শেষে দাফন করা হয়।

তার জানাযাতে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়াসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: আমানুল্লাহর স্ত্রী,২ ছেলে ও ১ মেয়ে, রাজনৈতিক সহচার্যসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে।

মেহেরপুরে ছাত্রলীগের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত

২০০৫ সালে বিএনপি জামায়াতের প্রত্যক্ষ মদদে দেশ ব্যাপি সিরিজ বোমা হামলা ও স্বাধীনতা বিরোধী যুদ্ধাপরাধীদের সমর্থনের প্রতিবাদে ছাত্র সমাজের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) বিকালে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের থেকে শুরু হয়ে মেহেরপুর প্রেসক্লাবের এসে শেষ হয়।

প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহসভাপতি শাহজাহান আলী, আরেক সহসভাপতি দুলাল মাহমুদ, সদর থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইন বায়োজিদ, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের নেতা ইমাম হোসেন ইমন, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী শহর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহন, গাংনী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজা ও সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, ছহিউদ্দীন ডিগ্রি কলেজ ছাত্রলীগের নেতা রাতুল।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানার যুগ্ম সাধারণ সম্পাদক সুইট মাহমুদ, বারাদী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাতি মানিক প্রমুখ।

সমাবেশে ছাত্রলীগের বিভিন্ন স্তুরের নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ডা. সাগরের উদ্যোগে জাতীয় শোক দিবসের আলোচনা সভা

মেহেরপুর জেলা আওয়ামীলীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা.এ.এম. নাজমুল হক সাগর এর উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার(১৬ আগস্ট) সন্ধায় গাংনী উপজেলার সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাঠে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুকের সভাপতিত্বে ও মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলীর সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের স্বাস্থ্য ও জনসংখ্যা সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ স্বাস্থ্য ও জনসংখ্যা উপ কমিটি সদস্য, রাজশাহী মেডিকেল কলেজের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ডা.এ.এম. নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, সাহারবাটি ইউনিয়া আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তৌহিদ মুরশেদ অতুল, সাহারবাটি ০৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আতাউর রহমান খোকন,সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন সাবান,০৯ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আয়নাল হক,০৭নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইউপি সদস্য মহিদুল ইসলাম, সাহারবাটি ০৯নং ওয়ার্ড়ের ইউপি সদস্য আব্বাস আলী।

এসময় গাংনী উপজেলা শ্রমিক লীগ জিয়াউল হক জিয়া,মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ – সভাপতি হুমায়ন কবির লিখন।
গাংনী উপজেলা ছাত্রলীগের সহ- সভাপতি তরিকুল ইসলাম উজ্জ্বল,তৌফিক আজিজ মুন্না,রাসেল হোসেন,হুসাইন আহমেদ,যুগ্ম- সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম,সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন,মটমুড়া ইউনিয়ান ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাহারুল ইসলাম প্রমূখ।